দৈনিক ইনকিলাব
তারিখ: 13 NOV. 1990
পৃষ্ঠা: ৭ কলাম: ৫

110

সিণ্ডিকেটের জরুরী সভা

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম ১৫ নভেম্বর নিয়মিত শুরুর সিদ্ধান্ত

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

আগামী ১৫ নভেম্বর (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম নিয়মিতভাবে শুরু হচ্ছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সিণ্ডিকেটের সভায় ১৩ নভেম্বর থেকে আবাসিক হলসমূহের অফিসসহ সকল অফিস খোলা রাখার এবং ১৪ নভেম্বর (বুধবার) সকাল ৭টা থেকে ছাত্র-ছাত্রীদের আগমনের জন্য হলসমূহ খুলে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, এক মাস আগে ১৩ অক্টোবর রাতে টেলিভিশন খবরে প্রচারিত এক সরকারী ঘোষণায় ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে গত ১১ নভেম্বর

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## সিণ্ডিকেটের সভা

প্রথম পৃষ্ঠার পর

থেকে সরকারী আদেশ অমান্য করে ছাত্র শিক্ষকরা ক্লাসে যোগ দিয়েছেন।

গতকাল বিকাল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সিণ্ডিকেটের সভায় ভিসি গত রোববার ডাকসু, হল সংসদসমূহ এবং বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে তাঁর হলসমূহ খোলা ও শিক্ষা কার্যক্রম চালু করা সম্পর্কে যে আলোচনা হয় তা সিণ্ডিকেট সদস্যদের অবহিত করেন। এছাড়া গতকালও আর একটা ছাত্র সংগঠন এবং হল প্রভোস্টদের সাথে এইসব বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে তিনি জানান।

ভিসি আরো জানান, ছাত্রদের সাথে তার যে আলোচনা হয় এর আরেকটা উল্লেখযোগ্য দিক হচ্ছে যাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চলতে পারে ছাত্র নেতৃবৃন্দ এ ব্যাপারে প্রশাসনের সাথে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন এবং তারা জানিয়েছেন যে, বিশ্ববিদ্যালয় ক্লাস চলাকালীন করিডোরে যাতে কোন মিছিল না হয় এবং ক্যাম্পাসে তাদের কোন কর্মী ভাংগচুর বা গাড়ী পোড়ানো ইত্যাদি কর্মকাণ্ডের সাথে জড়িত না হয় সেদিকে তারা সব সময় লক্ষ্য রাখবেন। ক্যাম্পাসের নিরাপত্তা রক্ষার বিষয়ে ছাত্র নেতৃবৃন্দ ভিসিকে একথাও জানান যে, যে কোন আবাসিক হলে যাতে অস্ত্রধারী বা বহিরাগত কেউ প্রবেশ না করতে পারে এ উদ্দেশ্যে প্রশাসনের সকল পদক্ষেপের সাথে তারা সহযোগিতা করবেন।

সভায় সিণ্ডিকেট অভিমত প্রকাশ করে, ১১ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহবানে শিক্ষকগণ "শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ '৯০" জারির প্রতিবাদে কালো ব্যাজ ধারণ করে ক্লাস নেয়ার জন্য শ্রেণী কক্ষে যান এবং এ উদ্যোগের সাথে সর্বদলীয় ছাত্র ঐক্য উৎসাহের সাথে সাড়া দেয়।